**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/20/2026 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল নিম্ন আয়ের মানুষের সুবিধার্থে গাড়ির ইনস্যুরেন্সের খরচ কমানোর প্রস্তাবের কথা বিবৃত করেছেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ স্থানীয় মনোনীত ব্যক্তি, ইউনিয়ন নেতা, ব্যবসায়িক ও কমিউনিটি সংগঠন এবং অলাভজনক সংস্থাগুলির কাছ থেকে, নিম্ন আয়ের মানুষের সুবিধার্থে গাড়ির ইনস্যুরেন্সের খরচ কমানোর প্রস্তাবে সমর্থনের কথা বিবৃত করেছেন।

তারা যা বলছে তা এখানে দেওয়া হল:

**MTA সভাপতি এবং মুখ্য নির্বাহী কর্মকর্তা Janno Lieber (জ্যানো লিবার) বলেন,** "MTA সড়ক স্তরে সহস্রাধিক যানবাহন পরিচালনা করে এবং এটি আমাদের ইনস্যুরেন্স ক্লেমের জন্য একটি লোভনীয় লক্ষ্য করে তোলে—এমনকি আমাদের চালকরা সত্যিকারের দোষী না হওয়া সত্ত্বেও। এই ক্লেমগুলি পরিশোধ এবং রক্ষা করার জন্য আমরা যে প্রতিটি ডলার ব্যয় করি তা হল এমন একটি ডলার যা --আরও বেশি প্রয়োজনীয়, আরও নির্ভরযোগ্য পরিষেবা প্রদানের জন্য ব্যয় করা যেতে পারে - এবং করা উচিত। গভর্নর Hochul (হোকল) এর বিচক্ষণ, লক্ষীভূত এবং গাড়ির ইনস্যুরেন্সের বাস্তব ও ন্যায্য সংস্কারগুলি এই মুহূর্তে ঠিক যা প্রয়োজন তার সাথে সংগতিপূর্ণ এবং MTA আরোহীরা তার নেতৃত্বের জন্য কৃতজ্ঞ।"

**নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর দ্য এজিংয়ের (Office for the Aging) ডিরেক্টর Greg Olsen (গ্রেগ ওলসেন) বলেন,** "বয়স্ক ব্যক্তিরা সবথেকে নিরাপদ চালকদের মধ্যে আছেন। পরিসংখ্যান দেখলে, তারা অন্যান্য বয়সের তুলনায় সবথেকে কম দুর্ঘটনার সাথে জড়িত, তবে অনেকেই অনেক বেশি প্রিমিয়ামের কারণে ভুগছেন। অনেক বয়স্ক ব্যক্তিদের স্বাধীন থাকার জন্য গাড়ির মালিকানা এবং ইনস্যুরেন্সের সুরক্ষা বিশেষভাবে গুরুত্বপূর্ণ। এই স্বাধীনতাকে ঝুঁকিগ্রস্ত করতে পারে এমন অনেক খরচের ক্ষেত্রে গভর্নরের সাহসী ক্রয়ক্ষমতার এজেন্ডার অংশ হিসেবে সমাধান আনার জন্য আমি গভর্নরের প্রশংসা করছি।"

**নিউ ইয়র্ক স্টেট আর্থিক পরিষেবা দপ্তরের (Department of Financial Services) ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট Kaitlin Asrow (কেইটলিন অ্যাসরো) বলেন,** "গভর্নর Hochul (হোকল) একটি স্থিতিশীল এবং প্রতিযোগিতামূলক ইনস্যুরেন্সের মার্কেট বজায় রেখে গাড়ির ইনস্যুরেন্সকে আরও সাশ্রয়ী করার জন্য একটি শক্তিশালী এবং ব্যাপক পরিকল্পনা প্রস্তাব করেছেন। গভর্নরের প্রস্তাবগুলি বাস্তবায়ন এবং নিউ ইয়র্কবাসীর জন্য অর্থপূর্ণ সাশ্রয় সম্ভব করতে স্টেট সরকারের অনেক এজেন্সির সাথে কাজ করতে পেরে DFS গর্বিত।"

**কুইন্স কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নি Melinda Katz (মেলিন্ডা কাটজ) বলেন,** "কুইন্স কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নি হিসেবে, আমি গাড়ি সংক্রান্ত সাজানো দুর্ঘটনার ব্যাপকতা প্রত্যক্ষ করেছি। আমার অফিস দায়িত্বশীলভাবে সাথে সেই প্রতারকদের তদন্ত করে এবং বিচার করে যারা নিরীহ চালকদের কাছ থেকে অর্থ আদায়ের জন্য বিপজ্জনক দুর্ঘটনা ঘটায়। জননিরাপত্তা নিশ্চিত করতে এবং অপেক্ষাকৃত বেশি ইনস্যুরেন্সের হারের মাধ্যমে সকল আইন মেনে চলা গাড়ির চালকের উপর লুকানো খরচ প্রতিরোধ করতে জালিয়াতির বিরুদ্ধে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করাও সমানভাবে গুরুত্বপূর্ণ। গভর্নর Kathy Hochul-এর (ক্যাথি হোকল) প্রস্তাবগুলি আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং নিয়ন্ত্রণকারীদেরকে অপব্যবহার বন্ধ করা এবং চালকদের সুরক্ষা দেওয়া, এবং একই সাথে খরচ কমানোর জন্য বাড়তি ব্যবস্থা দিবে। গভর্নরের নেতৃত্বের জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

**মনরো কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নি Brian Green (ব্রায়ান গ্রিন) বলেন,** "ইনস্যুরেন্স ছাড়া গাড়ি চালানো এমন একটি অপরাধ যার জন্য কেউ না কেউ ক্ষতিগ্রস্ত হয়, কারণ এটি শারীরিক আঘাত বা সম্পত্তির ক্ষতির বাইরেও সকলের জন্য ঝুঁকি তৈরি করে এবং আইন মেনে চলা প্রতিটি চালকের জন্য খরচও বাড়িয়ে দেয়। সাজানো দুর্ঘটনার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার, ইচ্ছাকৃতভাবে ক্ষতিকারক উপায় ব্যবহারকারী ব্যক্তিদের জবাবদিহি করার এবং গুরুত্বপূর্ণ আইন বা নিয়মের অস্পষ্টতা বা অপর্যাপ্ততা ফাঁকফোকর) বন্ধ করার গভর্নর Hochul (হোকল) এর ব্যাপক পরিকল্পনা, আমাদের সকলকে আরও নিরাপদ করে, গাড়ি ইনস্যুরেন্সকে সকলের জন্য আরও সাশ্রয়ী করে তুলতে সহায়তা করবে। এটি একটি বিচক্ষণ গণনিরাপত্তা দৃষ্টিভঙ্গী যা পরিবারগুলিকে সুরক্ষা দেয় এবং ইনস্যুরেন্স ছাড়াই অবৈধভাবে গাড়ি চালানোর জন্য দায়বদ্ধতাকে নিশ্চিত করে।"

**নিউবার্গ সিটির মেয়র Torrance Harvey (টরেন্স হার্ভে) বলেন,** "নিউ ইয়র্ক জুড়ে কমিউনিটিগুলির উপর প্রভাব ফেলা গাড়ির ইনস্যুরেন্সের ক্রমবর্ধমান খরচ মোকাবেলায় এগিয়ে আসার জন্য আমি গভর্নর Hochul (হোকল) কে ধন্যবাদ জানাতে চাই। নিউবার্গ সিটিতে, আমরা জানি যে কর্মজীবী পরিবারগুলি, যারা কর্মক্ষেত্রে, স্কুলে এবং চিকিৎসার অ্যাপয়েন্টমেন্টের জন্য তাদের নিজের গাড়ির উপর নির্ভর করে, প্রিমিয়াম বৃদ্ধির কারণে তারা কত দ্রুত চাপের সম্মুখীন হতে পারে। কিন্তু এটি আমাদের সিটির কার্যক্রমকেও প্রভাবিত করে। গণনিরাপত্তা, জঞ্জাল সাফাই এবং জনসাধারণের জন্য অবকাঠামো নির্মাণ কাজে সহায়তা করার জন্য আমরা কয়েক ডজন পৌর যানবাহন রক্ষণাবেক্ষণ করি এবং যখন ইনস্যুরেন্স খরচ বেড়ে যায়, তখন সেই খরচগুলি শেষ পর্যন্ত করদাতাদের বহন করতে হয়। জালিয়াতির বিরুদ্ধে লড়াই, ইচ্ছাকৃতভাবে ক্ষতিকারক উপায় ব্যবহারকারী ব্যক্তিদের জবাবদিহি করার এবং সিস্টেমে আরো বেশি ন্যায্যতা আনার প্রচেষ্টা সেই চাপ কমাতে সহায়তা করবে। নিউবার্গের মতো সিটিগুলির জন্য, এটি বাসিন্দাদের অর্থ রক্ষা করার পাশাপাশি আমাদের কমিউনিটি প্রতিদিন যে পরিষেবাগুলির উপর নির্ভর করে সেগুলি সরবরাহ করা চালিয়ে যেতে পারে তা নিশ্চিত করার সাথে সম্পর্কিত।"

**কিংস্টন শহরের মেয়র Steve Noble (স্টিভ নোবেল) বলেন,** "নিউ ইয়র্ক জুড়ে গাড়ির ইনস্যুরেন্সর ক্রমবর্ধমান খরচে রাশ টানতে গভর্নর Hochul (হোকল) এর নেতৃত্বের জন্য তাকে ধন্যবাদ জানাই। যখন জালিয়াতি এবং অতিরিক্ত ক্লেমের কারণে প্রিমিয়ামের পরিমাণ বেড়ে যায়, তখন এর প্রভাব কেবল বাসিন্দাদের ওপরেই পড়ে না, স্থানীয় প্রশাসনের ওপরও পড়ে। রাস্তাঘাট রক্ষণাবেক্ষণ, জরুরি পরিস্থিতিতে সাড়া দেওয়া এবং প্রয়োজনীয় পরিষেবা প্রদানের জন্য সিটি

বহু সংখ্যক যানবাহন পরিচালনা করে এবং এই ইনস্যুরেন্স খরচ কমানোর ফলে আমরা করদাতাদের অর্থ আমাদের আশেপাশের এলাকায় পুনরায় বিনিয়োগ করার সুযোগ করে দেবে। জবাবদিহিতা বৃদ্ধি এবং স্বচ্ছতা উন্নত করার এই প্রচেষ্টাগুলি বাসিন্দা এবং পৌরসভা উভয়কেই সুরক্ষিত করে এমন একটি ন্যায্য সিস্টেম তৈরির দিকে গুরুত্বপূর্ণ পদক্ষেপ।"

**মিডলটাউন সিটির Joe DeStefano (জো ডিস্টেফানো) বলেন,** "ক্রমবর্ধমান গাড়ির ইনস্যুরেন্সের খরচ কেবল আমাদের বাসিন্দা এবং ছোট ব্যবসাকেই নয়, বরং আমাদের সিটির প্রশাসনকেও কীভাবে প্রভাবিত করে, তা আমি সরাসরি দেখতে পাচ্ছি। যখন জালিয়াতি এবং সিস্টেমের আইন বা নিয়মের অস্পষ্টতা বা অপর্যাপ্ততার কারণে প্রিমিয়াম বেড়ে যায়, তখন করদাতারা শেষ পর্যন্ত সেই বোঝা বহন করেন। মিডলটাউন সিটি, জনসাধারণের জন্য অবকাঠামো নির্মাণ থেকে শুরু করে গণনিরাপত্তা পর্যন্ত প্রয়োজনীয় পরিষেবা প্রদানের জন্য যানবাহনের একটি বহর রক্ষণাবেক্ষণ করে এবং গাড়ির এই ইনস্যুরেন্স খরচ কমানোর অর্থ হবে প্রকৃত সাশ্রয় যা আমাদের বাসিন্দাদের জন্য পরিষেবাগুলিতে পুনরায় বিনিয়োগ করা যাবে। সাজানো দুর্ঘটনা দমন, জবাবদিহিতা বৃদ্ধি এবং আমাদের ইনস্যুরেন্স আইন আধুনিকীকরণের জন্য গভর্নর Hochul (হোকল) এর প্রস্তাবগুলি বাস্তব ও ন্যায্য সংস্কার যা খরচ কমাতে এবং করদাতাদের সুরক্ষা দিতে সহায়তা করবে।"

**রাইনবেক গ্রামের মেয়র মাননীয় Gary Bassett (গ্যারি বাসেট) বলেন,** "রাইনবেক গ্রামের মেয়র হিসেবে, আমি জানি আমাদের বাসিন্দারা নিরাপদ রাস্তা এবং এমন একটি ন্যায্য ইনস্যুরেন্স ব্যবস্থা চান যা আইন মেনে চলা চালকদের শাস্তি দেয় না। জালিয়াতি দমন, স্বচ্ছতা বৃদ্ধি এবং ইচ্ছাকৃতভাবে ক্ষতিকারক উপায় ব্যবহারকারী ব্যক্তিদের জবাবদিহি করার জন্য বাস্তব ও ন্যায্য সংস্কারগুলিকে এগিয়ে নেওয়ার জন্য আমি Kathy Hochul (ক্যাথি হোকল) কে ধন্যবাদ জানাই। এই পদক্ষেপগুলি খরচ কমাতে সহায়তা করবে এবং পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের অর্থ আবার তাদের কাছেই ফিরিয়ে দেবে।"

**স্লিপি হলো গ্রামের মেয়র Marjorie Hsu (মার্জোরি হু) বলেন,** "হাডসন ভ্যালির গ্রামগুলি তাদের গাড়ি ইনস্যুরেন্সের আওতায় রাখার জন্য কাউন্টির মধ্যে সর্বোচ্চ হারে প্রিমিয়াম দেয়। আমাদের বহরে 92টি গাড়ি থাকায়, গভর্নর Hochul (হোকল) এর গাড়ির ইনস্যুরেন্স খরচ কমানোর এই প্রস্তাব করদাতাদের অর্থ সাশ্রয় করবে এবং স্লিপি হলো (Sleepy Hollow)-তে কর্মজীবী পরিবারগুলির জন্য খরচ কমাবে। নিউ ইয়র্ককে সাশ্রয়ী মূল্যে রাখার জন্য আমি গভর্নরের প্রতিশ্রুতিকে সাধুবাদ জানাই।"

**ইথাকা সিটির মেয়র রবার্ট ক্যান্টেলমো বলেন,** "গভর্নর Hochul (হোকল) এর ইনস্যুরেন্স সংস্কার প্রস্তাবকে আমি সাধুবাদ জানাই। গভর্নর স্বীকার করেছেন যে জীবনযাপনের জন্য সংগ্রামরত নিউ ইয়র্কবাসীদের উপর আকাশছোঁয়া প্রিমিয়াম আরেকটি বোঝা। জালিয়াতি প্রতিরোধ করে এবং বেআইনি আচরণের জন্য ক্ষতিপূরণ সীমিত করে, তিনি ইনস্যুরেন্স কোম্পানিগুলির লাভের পরিবর্তে সাধারণ মানুষের টাকা আবার তাদের কাছেই ফিরিয়ে দিচ্ছেন।"

**পিকস্কিল সিটির মেয়র Vivian McKenzie (ভিভিয়ান ম্যাকেঞ্জি) বলেন,** "পিকস্কিল পরিবার এবং ছোট ব্যবসাগুলির ওপর ক্রমবর্ধমান গাড়ির ইনস্যুরেন্সের খরচের চাপ পড়ছে এবং গভর্নর

Kathy Hochul (ক্যাথি হোকল) এর প্রস্তাব প্রকৃত স্বস্তি আনতে বিচক্ষণ, ভারসাম্যপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে। জালিয়াতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ, পুরনো দায়বদ্ধতার নিয়মাবলীর আধুনিকীকরণ এবং হার বৃদ্ধির ক্ষেত্রে স্বচ্ছতা বৃদ্ধির মাধ্যমে, এই পরিকল্পনাটি দায়িত্বশীল চালকদের জন্য প্রিমিয়াম বৃদ্ধিকারী মূল কারণগুলি মোকাবেলা করার জন্য দৃঢ় প্রচেষ্টা করে। এই বাস্তব ও ন্যায্য সংস্কারগুলি আমাদের ব্যবস্থাকে আরও ন্যায্য করবে, অপব্যবহার রোধ করবে এবং নিয়ম মেনে চলা নিউ ইয়র্কবাসীদের টাকা আবার তাদের কাছেই ফিরিয়ে দিতে সহায়তা করবে।"

**হোয়াইট প্লেইনস সিটির মেয়র Justin Brasch (জাস্টিন ব্রাশ) বলেন,** "হোয়াইট প্লেইনসের পরিবারগুলির জন্য গাড়ির ইনস্যুরেন্স প্রিমিয়াম অনেক বেশি। আমরা অতিরিক্ত মামলা-মোকদ্দমা এবং জালিয়াতির খরচ ক্রমাগত দায়িত্বশীল চালকদের উপর চাপিয়ে দিতে পারি না। গভর্নর Hochul (হোকল) এর এগিয়ে নিয়ে যাওয়া সংস্কারগুলি সাজানো দুর্ঘটনার তদন্ত জোরদার করে, ন্যায্যতা এবং জবাবদিহিতা প্রতিফলিত করার জন্য দায়বদ্ধতার মানদণ্ড আপডেট করে এবং হার বৃদ্ধির ক্ষেত্রে আরও স্বচ্ছতা আনয়নের মাধ্যমে একটি সর্বাঙ্গীন পদ্ধতি প্রতিষ্ঠিত করে। ঠিক ততটাই গুরুত্বপূর্ণ, অতিরিক্ত মুনাফা পলিসিধারকদের কাছে ফেরত দেওয়ার জন্য নিয়ন্ত্রকদের নির্দেশ দেওয়া, স্পষ্ট করে দেওয়া যে সঞ্চয় সরাসরি গ্রাহকদের কাছে ফিরিয়ে দিতে হবে। এই প্রস্তাব কঠোর পরিশ্রমী পরিবার এবং বয়স্কদের জন্য ইনস্যুরেন্স প্রিমিয়াম কমাবে, জালিয়াতি এবং অতিরিক্ত মামলা-মোকদ্দমার বিরুদ্ধে লড়াই করবে, সেইসাথে সিস্টেমে ভারসাম্য ফিরিয়ে আনবে।"

**ট্যারিটাউন গ্রামের মেয়র Karen Brown (কারেন ব্রাউন) বলেন,** "যতদিন আমার মনে পড়ছে, গাড়ির ইনস্যুরেন্সের উচ্চ হার নিউ ইয়র্ককে জর্জরিত করে আসছে এবং অনেক নিউ ইয়র্কবাসীর জন্য এটি সত্যিকারেরই একটি বোঝা। এই প্রস্তাবটি এগিয়ে নেওয়ার জন্য আমি Kathy Hochul (ক্যাথি হোকল) কে ধন্যবাদ জানাতে চাই, যা এমন এক সময়ে পরিবারগুলিকে অত্যন্ত প্রয়োজনীয় আর্থিক স্বস্তি দিতে পারে যখন তারা জীনধারণের জন্য সংগ্রাম করছে। এই বিলটি দুর্ঘটনার হার বৃদ্ধিকারী জালিয়াতির বিরুদ্ধে লড়াই করার পাশাপাশি বৈধ দুর্ঘটনার শিকারদের ক্ষতিপূরণ দাবি করার অধিকার রক্ষা করার চেষ্টা করে।"

**হ্যাভারস্ট্র গ্রামের মেয়র Michael Kohut (মাইকেল কোহুত) বলেন,** "গাড়ির ইন্স্যুরেন্সের উচিত দায়িত্বশীল চালকদের পুরস্কৃত করা, শাস্তি দেওয়া নয়। গুরুতর আঘাতের মানদণ্ড কঠোর করার, জালিয়াতি প্রতিরোধ ব্যবস্থার প্রয়োগ উন্নত করার এবং ইনস্যুরেন্সকারীর মুনাফা যুক্তিসঙ্গত মাত্রা ছাড়িয়ে গেলে গ্রাহকরা যাতে তা ফেরত পান তা নিশ্চিত করার জন্য গভর্নর Hochul (হোকল) এর প্রস্তাবকে আমি সমর্থন করি। এই লক্ষীভূত সংস্কারগুলি হ্যাভারস্ট্রোতে খরচ কমাতে এবং পরিবারের জন্য ন্যায্যতা পুনরুদ্ধার করতে সহায়তা করবে।"

**অ্যালেগ্যানি টাউনের সুপারভাইজার Chris McPherson (ক্রিস ম্যাকফারসন) বলেন,** "গাড়ির ইনস্যুরেন্স প্রিমিয়াম কমানো সামর্থ্য এবং ন্যায্যতার সাথে সম্পর্কিত। গভর্নরের জালিয়াতি প্রতিরোধ এবং নিরাপদ চালকদের পুরস্কৃত করার প্রস্তাবগুলি দেখে আমি উৎসাহিত এবং আমি এমন সংস্কারের জন্য অপেক্ষা করছি যা নিউ ইয়র্কের বাসিন্দাদের পকেটে আরো বেশি অর্থ রাখতে সহায়তা করবে।"

**বেডফোর্ড শহরের সুপারভাইজার Ellen Calves (এলেন কাভস) বলেন,** "বেডফোর্ডের বাসিন্দারা এমন একটি ইনস্যুরেন্স সিস্টেম আশা করেন যা ন্যায্য, স্বচ্ছ এবং আইন মেনে চলা চালকদের সুরক্ষার উপর দৃষ্টি নিবদ্ধ করে। আমি গভর্নর Hochul (হোকল) এর জালিয়াতি-বিরোধী আইন প্রণয়ন জোরদার করার, দায়বদ্ধতার মানদণ্ডে আরও স্পষ্টতা আনার এবং ইনস্যুরেন্সকারীরা কেন হার বৃদ্ধি করছে তার স্পষ্ট ব্যাখ্যা দেওয়ার প্রস্তাবকে সমর্থন করি। পলিসিধারকদের অতিরিক্ত মুনাফা ফেরত দেওয়া সহ শক্তিশালী ভোক্তা সুরক্ষার সাথে জবাবদিহিতা যুক্ত করে, এই পরিকল্পনাটি নিশ্চিত করতে সহায়তা করে যে সঞ্চয় যেন সেই পরিবারগুলির কাছে পৌঁছায় যাদের এটি সবচেয়ে বেশি প্রয়োজন।"

**টাউন অব ব্যাবিলনের সুপারভাইজার Rich Schaffer (রিচ শ্যাফার) বলেন,** "লং আইল্যান্ডে বসবাসরত পরিবারগুলো যেখানে ইতোমধ্যে জীবনযাত্রার উচ্চ ব্যয়ের সম্মুখীন, সেখানে সাজানো দুর্ঘটনা এবং জালিয়াতির কারণে গাড়ির ইনস্যুরেন্স প্রিমিয়াম বৃদ্ধি পাওয়া আর্থিক চাপকে আরো বাড়িয়ে তুলছে। এই প্রতারণাগুলো নিয়ম মেনে চলা দায়িত্বশীল চালকদের খরচ বাড়িয়ে দেয়। বীমা জালিয়াতি মোকাবেলা এবং লং আইল্যান্ডবাসীদের পকেটে প্রকৃত অর্থ ফিরিয়ে দেওয়ার লড়াইয়ে নেতৃত্ব প্রদানের জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই।"

**গ্রিনবার্গ শহরের সুপারভাইজার Paul Feiner (পল ফেইনার) বলেন,** "গ্রিনবার্গের বাসিন্দাদের এমন একটি গাড়ির ইনস্যুরেন্স সিস্টেম প্রাপ্য যা ন্যায্য, স্বচ্ছ এবং দায়িত্বশীল চালকদের সুরক্ষার উপর দৃষ্টি নিবদ্ধ করে। আমি গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এর জালিয়াতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ, সাজানো দুর্ঘটনা এবং অন্যায্য ক্লেমের বিরুদ্ধে আইন প্রণয়ণ জোরদার করা এবং অতিরিক্ত মামলা-মোকদ্দমাকে ইন্ধন জোগায় এমন দায়বদ্ধতার নিয়ম আপডেট করার সর্বাঙ্গীন প্রস্তাবকে সমর্থন করি। ক্ষতির ন্যায্য অংশের জন্য নির্দিষ্ট ব্যক্তিদের জবাবদিহি করা নিশ্চিত করে, হার বৃদ্ধির ক্ষেত্রে স্বচ্ছতা বৃদ্ধি করে এবং নিয়ন্ত্রকদের পলিসিধারকদের অতিরিক্ত মুনাফা ফেরত দেওয়ার নির্দেশ দিয়ে, এই পরিকল্পনা অর্থবহ ভোক্তা সুরক্ষা প্রদান করে। এই সংস্কারগুলি গ্রিনবার্গের পরিশ্রমী পরিবারের জন্য খরচ কমাতে সহায়তা করবে এবং আমাদের ইনস্যুরেন্স সিস্টেমে জবাবদিহিতা এবং সততা বজায় রাখবে।"

**নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের (New York City Council) স্পিকার Julie Menin (জুলি মেনিন) বলেন,** "নিউ ইয়র্কবাসীদের সাশ্রয়ী মূল্যের গাড়ি ইনস্যুরেন্স প্রাপ্য এবং তাদের প্রিমিয়াম বেড়ে গেলে তা কেনো হয়েছে তার স্পষ্ট জবাব পাওয়ার প্রাপ্য। আমি গভর্নরকে তার প্রস্তাবনাগুলির জন্য ধন্যবাদ জানাচ্ছি যা জালিয়াতি এবং অপব্যবহার বন্ধ করতে সাহায্য করবে এবং স্বচ্ছতা বাড়াবে যাতে ভোক্তারা বুঝতে পারেন যে তারা কত এবং কিসের জন্য অর্থ দিচ্ছেন। আমাদের সিটি কাউন্সিল এই পদক্ষেপগুলিকে সমর্থন করতে প্রতিশ্রুতিবদ্ধ যা স্বচ্ছতা বাড়বে এবং নিশ্চিত করবে যাতে সিস্টেমটি নিউ ইয়র্কবাসীদের জন্য কাজ করে, অসাধু ব্যক্তিদের জন্য না।"

**নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য Kamillah Hanks (কামিলাহ হ্যাঙ্কস) বলেন,** "গভর্নর Hochul (হোকলেরর) এর প্রস্তাবগুলি নিউ ইয়র্কবাসীদের জন্য, বিশেষ করে স্টেটেন আইল্যান্ড এবং পুরো নিউ ইয়র্ক সিটির কর্মজীবী পরিবারের জন্য গাড়ির ইনস্যুরেন্সকে আরো সাশ্রয়ী করে তোলার জন্য অর্থবহ পদক্ষেপ নেবে। জালিয়াতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিয়ে এবং আইনি

লুপহোল বন্ধ করে, এই ব্যবস্থাগুলি নিশ্চিত করতে সাহায্য করে যাতে সৎ চালকদেরকে আর অসাধু ব্যক্তিদের কারণে বাড়া খরচ দিতে বাধ্য করা না হয়। এটি একটি বাস্তবসম্মত এবং প্রয়োজনীয় পদ্ধতি যা নিউ ইয়র্কবাসীদের অগ্রাধিকার দেয়  এবং আমাদেরকে সত্যিকারের ক্রয়ক্ষমতার আরো কাছে নিয়ে যায়।"

**নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য Selvena N. Brooks-Powers (সেলভেনা এন ব্রুকস-পাওয়ার্স) বলেন,** "গভর্নর Hochul (হোকল) এর প্রস্তাবগুলি নিউ ইয়র্কবাসী, যারা ইতিমধ্যেই তাদের বিল পরিশোধ করা নিয়ে সমস্যার সম্মুখীন হচ্ছেন, তাদের জন্য ইনস্যুরেন্সের খরচ কমানোর ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। পুরো স্টেটে চালকদের জন্য একটি ন্যায্য ও সমতার বাজার নিশ্চিত করার জন্য অটো ইনস্যুরেন্সের স্বচ্ছতা বাড়ানো অনেক অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং কমিটি অন ট্রান্সপোর্টেশন অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচারের (Committee on Transportation and Infrastructure) চেয়ার হিসেবে ভাড়া করা যানবাহনের চালকদের সুরক্ষার জন্য আমি যে ইনস্যুরেন্সের খরচ কমানোর ব্যবস্থাপন নিয়েছিলাম, তার উপর ভিত্তি করে এটি তৈরি হয়েছে। পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের বেতনকে অযাচিত অটো ইনস্যুরেন্স খরচ থেকে বাঁচাতে এই সুরক্ষা ব্যবস্থাগুলি কার্যকর হতে দেখার জন্য আমি অধীর আগ্রহে অপেক্ষা করছি।"

**নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য Elsie Encarnacion (এলসি এনকার্নাসিয়ন) বলেন,** "খরচের কারণে মানুষের পকেটের উপর চাপ বেড়ে যাওয়ার বাস্তবতা চিন্তা করে, যে নিউ ইয়র্কবাসীরা গাড়ি চালাতে চান বা চালাতে বাধ্য হন তাদের আর্থিক চাপ কমাতে ব্যাপক পদক্ষেপ নেওয়া এখন আগের থেকেও বেশি গুরুত্বপূর্ণ। গাড়ির ইনস্যুরেন্সের দাম কমানোর জন্য এই যুক্তিসঙ্গত সংস্কারের প্রস্তাব দেওয়ার জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাতে চাই, এবং ভবিষ্যতে সকল পর্যায়ের আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্য সকল ধরণের পরিবহনকে আরো সাশ্রয়ী এবং সহজলভ্য করার চেষ্টায় গভর্নরের সাথে সহযোগিতা করার ব্যাপারে আমি আগ্রহী।"

**রচেস্টার সিটি কাউন্সিলের প্রেসিডেন্ট Miguel A. Melendéz Jr. (মিগুয়েল এ. মেলান্দেজ জুনিয়র) বলেন,** "নিউ ইয়র্কবাসীরা গাড়ি ইনস্যুরেন্সর জন্য গড়ে বছরে 4,000 ডলারেরও বেশি অর্থ প্রদান করছেন, যা ইতিমধ্যেই আর্থিক অভাবের মধ্যে থাকা কর্মজীবী পরিবারগুলির জন্য অনেক বেশি। জালিয়াতি, সাজানো দুর্ঘটনা এবং আইনের ফাঁকফোকরগুলি প্রিমিয়াম বৃদ্ধি করছে এবং এটি বন্ধ করার সময় এসেছে। গভর্নর Hochul (হোকল) অপব্যবহার বন্ধ করতে, ব্যয়বহুল ফাঁকফোকর বন্ধ করতে এবং স্বচ্ছতা বৃদ্ধি করতে দৃঢ়, বাস্তব ও ন্যায্য পদক্ষেপ নিচ্ছেন যাতে প্রকৃত সঞ্চয় চালকদের কাছে ফিরিয়ে দেওয়া যায়। খরচ কমাতে, ভোক্তাদের সুরক্ষা দিতে এবং অবশেষে আমার আশেপাশের অঞ্চলের জন্য স্বস্তি নিয়ে আসার এই প্রচেষ্টাগুলিকে আমি দৃঢ়ভাবে সমর্থন করি।"

**রচেস্টার সিটির কাউন্সিল সদস্য Mitch Gruber (মিচ গ্রুবার) বলেন,** "আমি গভর্নর Hochul (হোকল) এর সাশ্রয়ী মূল্যের এজেন্ডাকে সমর্থন করি এবং জীবনযাত্রার উচ্চ ব্যয় মোকাবেলায় তার প্রস্তাবগুলিকে সাধুবাদ জানাই। নিউ ইয়র্কবাসীরা গাড়ির ইনস্যুরেন্সর মতো পরিষেবার জন্য ব্যতিক্রমীভাবে বেশি অর্থ প্রদান করে এবং এই খরচ কমানোর জন্য আমাদের যথাসাধ্য চেষ্টা করা উচিত।"

**ম্যানহাটন (Manhattan) বরোর প্রেসিডেন্ট Brad Hoylman-Sigal (ব্র্যাড হোলিম্যান-সিগাল) বলেন,** "ম্যানহাটনের পথচারী, সাইকেলচালক এবং দায়িত্বশীল চালকদের নিরাপদ এবং ন্যায্য রাস্তা প্রাপ্য। গভর্নর Hochul-এর (হোকল) প্রস্তাবনাগুলি সঠিকভাবে বুঝতে পেরেছে যে যে চালকেরা আইন ভাঙ্গেন, তাদেরকে অতিরিক্ত বড় আকারের পেআউট দেওয়া উচিত না, যার চাপ শেষ পর্যন্ত অন্য সকলের জন্য খরচ বাড়িয়ে দেয়। স্টেট সিনেটে থাকার সময়, আমি জবাবদিহিতা জোরদার করার এবং নিউ ইয়র্কবাসীদেরকে বিপজ্জনক গাড়ি চালানো এবং ইনস্যুরেন্সের অপব্যবহার থেকে রক্ষা করার পদক্ষেপকে সমর্থন করেছি, এবং রাস্তার নিরাপত্তা, ন্যায্যতা এবং ক্রয়ক্ষমতাকে অগ্রাধিকার দেয় এমন সংশোধন অগ্রসর করার জন্য আমি গভর্নরের প্রশংসা করছি।"

**সাফোক কাউন্টির আইনসভার সংখ্যালঘু নেতা Jason A. Richberg (জেসন এ. রিচবার্গ) বলেন,** "সব দিক বিবেচনা করে বলা যায়, নিউ ইয়র্কবাসীরা তাদের সবচেয়ে দুর্বল জায়গায় আঘাত পাচ্ছেন — তাদের পকেটে— আর এই বোঝা কমানোর জন্য আমাদের যথাসাধ্য চেষ্টা করা জরুরি। লং আইল্যান্ডের পরিবারগুলো কাজে, স্কুলে এবং চিকিৎসা নিতে যাওয়ার জন্য তাদের গাড়ির ওপর নির্ভরশীল, এবং সিস্টেমে জালিয়াতি এবং অপব্যবহারের কারণে দেশের সর্বোচ্চ বীমা প্রিমিয়ামের মাধ্যমে তাদের শাস্তি পাওয়া উচিত নয়। সাজানো দুর্ঘটনা কঠোরভাবে দমন এবং ব্যয়বহুল আইনি ফাঁকফোকরগুলো বন্ধ করার ব্যাপারে গভর্নর Hochul (হোকল)-এর এই বিশেষ গুরুত্ব প্রদান বীমার প্রিমিয়াম কমাতে সাহায্য করবে যা শ্রমজীবী পরিবারগুলোর মাসিক বাজেটে একটি ইতিবাচক প্রভাব ফেলবে। এটি মূলত সাশ্রয়ী সক্ষমতা, ন্যায্যতা এবং পরিশ্রমী বাসিন্দাদের চাহিদাকে বীমা কোম্পানিগুলোর ঊর্ধ্বে প্রাধান্য দেওয়ার একটি উদ্যোগ।"

**সাফোক কাউন্টির লেজিসলেটর Tom Donnelly (টম ডোনেলি) বলেন,** "পুরো সাফোক কাউন্টি এবং নিউ ইয়র্ক স্টেটজুড়েই খরচ ইতোমধ্যে অনেক বেশি, যেখানে মানুষকে প্রতিনিয়ত ভাবতে হচ্ছে কিভাবে তারা ইউটিলিটি বিল, মুদি বাজার, স্বাস্থ্যসেবা এবং অন্যান্য প্রয়োজনীয় ব্যয় মেটাবে। দেশের মধ্যে অন্যতম সর্বোচ্চ কার বীমা প্রিমিয়াম পরিশোধ করা এই পরিস্থিতিকে আরো কঠিন এবং চ্যালেঞ্জিং করে তুলেছে। আমাদের কঠোর পরিশ্রমী বাসিন্দারা যাতে এখানে বসবাস করার সামর্থ্য বজায় রাখতে পারেন সেজন্য এই ক্রমবর্ধমান অটো ইন্স্যুরেন্স রেট নিয়ন্ত্রণের উপায় খোঁজার ক্ষেত্রে নেতৃত্ব দেওয়ার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই।"

**অ্যালেগ্যানি টাউনের সুপারভাইজার Chris McPherson (ক্রিস ম্যাকফারসন) বলেন,** "গাড়ির ইনস্যুরেন্স প্রিমিয়াম কমানো সামর্থ্য এবং ন্যায্যতার সাথে সম্পর্কিত। "গভর্নরের জালিয়াতি প্রতিরোধ এবং নিরাপদ চালকদের পুরস্কৃত করার প্রস্তাবগুলি দেখে আমি উৎসাহিত এবং আমি এমন সংস্কারের জন্য অপেক্ষা করছি যা নিউ ইয়র্কের বাসিন্দাদের পকেটে আরো বেশি অর্থ রাখতে সহায়তা করবে।"

**নিউ ইয়র্ক স্টেট ইউনাইটেড টিচার্স (New York State United Teachers, NYSUT) এর প্রেসিডেন্ট Melinda Person (মেলিন্ডা পারসন) বলেন,** "NYSUT-এ, সাশ্রয়ী মূল্য কেবল একটি স্লোগান নয়; এটি এমন একটি বিষয় যা আমাদের সদস্যরা তাদের কমিউনিটি এবং তাদের নিজের মাসিক বিলের ক্ষেত্রে সম্মুখীন হন। যখন পরিবারগুলো আর্থিক অভাবের সম্মুখীন হয়,

তখন সকলেই তা অনুভব করেন। কর্মজীবী মানুষ যারা কর্মক্ষেত্রে যাওয়া এবং পরিবারের পরিচর্যা করার জন্য গাড়ির উপর নির্ভর করেন, তাদের জন্য ইনস্যুরেন্সের আকাশছোঁয়া হার ইতিমধ্যেই সীমিত বাজেটের উপর আরেকটি চাপ। সরকারি নীতিকে মুনাফা প্রদান না করে কর্মজীবী পরিবারগুলিকে রক্ষা করা উচিত। খরচ কমানো এবং ন্যায্যতা নিশ্চিত করা কমিউনিটিগুলিকে শক্তিশালী করে এবং স্থিতিশীলতা তৈরি করে। নিউ ইয়র্কে, পরিবারগুলিকে কোনোরকমে জীবনধারণ করলে চলবে না; তাদের উন্নতি করার সুযোগ প্রাপ্য।"

**ইউনাইটেড ইউনিভার্সিটি প্রফেশনস (United University Professions, UUP) এর প্রেসিডেন্ট Fred Kowal (ফ্রেড কোয়াল) বলেন,** "নিউ ইয়র্ক স্টেটে গাড়ির ইনস্যুরেন্সের হার দেশের মধ্যে সর্বোচ্চ এবং তা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে, যা কর্মজীবী পরিবারগুলিকে আরও ক্ষতিগ্রস্ত করছে যারা ইতিমধ্যেই মুদিখানা, আবাসন এবং ট্রাম্পের শুল্ক দ্বারা প্রভাবিত অসংখ্য পণ্যের জন্য বেশি ব্যয় করছে। আমরা গভর্নরের সরল, যুক্তিসঙ্গত পরিকল্পনাকে সমর্থন করি, যেখানে অটো ইনস্যুরেন্স জালিয়াতির অনুমতি দেওয়া পুরনো আইনগুলি সংস্কার করা হয়েছে এবং যা অতিরিক্ত আক্রমণাত্মক আইনজীবীদের জন্য দায়িত্বজ্ঞানহীন চালকদের জন্য অথবা ইচ্ছাকৃতভাবে দুর্ঘটনা ঘটানোর জন্য জ্যাকপট-আকারের পুরস্কার জেতার দরজা খুলে দেয়। গভর্নরের পরিকল্পনা ঠিক যেমনটা হওয়া উচিৎ সেরকমই, যা কার্যকর হলে, এই দীর্ঘস্থায়ী সমস্যার সমাধান হবে এবং আইন মেনে চলা, কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের জন্য কাঙ্খিত আর্থিক স্বস্তি প্রদান করবে।"

**নিউ ইয়র্ক সিটি পুলিশ বেনেভোলেন্ট অ্যাসোসিয়েশনের (Police Benevolent Association) প্রেসিডেন্ট Patrick Hendry (প্যাট্রিক হেন্ড্রি) বলেন,** "আমাদের সদস্যরা কেবল নিউ ইয়র্কবাসীদের রাস্তায় নিরাপদ রাখেন না। আমরা অন্যান্য প্রত্যেক নিউ ইয়র্কবাসীর মতোই গাড়ি চালানোর উচ্চ খরচের সম্মুখীন হই, যার মধ্যে উচ্চ ইনস্যুরেন্স প্রিমিয়ামও রয়েছে। এই খরচ কমাতে এবং আমাদের মতো শ্রমিক শ্রেণীর পরিবারের জন্য নিউ ইয়র্ককে সাশ্রয়ী করে তোলার জন্য আমরা গভর্নরের প্রচেষ্টাকে সাধুবাদ জানাই।"

**মনর কাউন্টি শেরিফের পুলিশ বেনেভোলেন্ট অ্যাসোসিয়েশন, ইনকর্পোরেটেডের (Sheriff's Police Benevolent Association, Inc.) প্রেসিডেন্ট Richard Tantalo (রিচার্ড ট্যান্টালো) বলেন,** "নিউ ইয়র্ক স্টেটে গাড়ির ইনস্যুরেন্সের ক্রমবর্ধমান খরচ মোকাবেলায় গভর্নর Hochul (হোকল) এর সর্বাঙ্গীন পদ্ধতিকে আমি আন্তরিকভাবে সমর্থন করি। জালিয়াতিমূলক ক্লেমগুলিকে লক্ষীভূত করে এবং ইনস্যুরেন্স কোম্পানিগুলির পরিবর্তে গ্রাহকদের অগ্রাধিকার নিশ্চিত করে, এই প্রস্তাবগুলি পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের জন্য অত্যন্ত প্রয়োজনীয় স্বস্তি প্রদান করবে। জালিয়াতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ এবং ইচ্ছাকৃতভাবে ক্ষতিকারক উপায় ব্যবহারকারী ব্যক্তিদের অর্থপরিশোধ সীমিত করার জন্য গভর্নরের প্রতিশ্রুতি সকলের জন্য গাড়ির ইনস্যুরেন্সকে আরও সাশ্রয়ী করে তোলার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আইন মেনে চলা নাগরিকদের সুরক্ষা এবং আমাদের ইনস্যুরেন্স সিস্টেম যাতে ন্যায্য ও স্বচ্ছ হয় তা নিশ্চিত করার জন্য তার প্রচেষ্টার আমরা প্রশংসা করি।"

**দ্যা বিজনেস কাউন্সিল অফ নিউ ইয়র্ক স্টেট (The Business Council of New York State, Inc.) এর প্রেসিডেন্ট এবং মুখ্য নির্বাহী কর্মকর্তা, Heather Mulligan (হিদার মালিগ্যান) বলেন,** "ইনস্যুরেন্স জালিয়াতি, অতিরিক্ত মামলা, পুরানো হয়ে যাওয়া আইনি

মানদণ্ড এবং প্রয়োগের ক্ষেত্রে ঘাটতি সহ প্রিমিয়াম বেশি হওয়ার মূল কারণগুলির মোকাবেলা করার জন্য গভর্নর Hochul (হোকল) এর স্টেট বাজেটের প্রস্তাবে অর্থবহ ইনস্যুরেন্স সংস্কারের একটি প্যাকেজকে যোগ হতে দেখে বিজনেস কাউন্সিল আনন্দিত। এই সংশোধনগুলি নিউ ইয়র্কের পরিবার এবং চাকরিদাতাদের জন্য নিরাপদ রাস্তা, আরো ন্যায্য নিয়ম এবং আরো সাশ্রয়ী মূল্যের গাড়ি ইনস্যুরেন্সকে সমর্থন করবে।"

**পার্টনারশীপ ফর নিউ ইয়র্ক সিটি (Partnership for New York City) এর প্রেসিডেন্ট এবং মুখ্য নির্বাহী কর্মকর্তা Steven Fulop (স্টিভেন ফুলোপ) বলেন,** "নিউ ইয়র্কে গাড়ির ইনস্যুরেন্সের প্রিমিয়ামের খরচ দেশের অন্যান্য অংশের তুলনায় গড়ে 52 শতাংশ বেশি। এই সামর্থ্যের ব্যবধানের কারণেই গভর্নরের সংশোধনগুলি নিউ ইয়র্ক সিটির পরিবার এবং ব্যবসার জন্য এত বড় একটি বিজয় হবে, কারণ এগুলি অবশেষে অর্গানাইজড জালিয়াতি এবং আইনি লুপহোলের মোকাবেলা করবে যা অনেক দিন দিন ধরে সৎ চালকদেরকে অন্যায়ভাবে চাপ দিচ্ছে। সাজানো দুর্ঘটনার বিরুদ্ধে আগ্রাসী কঠোর ব্যবস্থা নেওয়ার সাথে যৌথ এবং একাধিক দায়বদ্ধতার কমন সেন্সের পরিবর্তন এবং 'গুরুতর আঘাত' সীমানাকে বদলে দেওয়ার এই পরিকল্পনাটি পুরো এম্পায়ার স্টেটে (Empire State) প্রিমিয়াম আকাশছোঁয়া হওয়ার মূল কারণকে টার্গেট করে। এই সাহসী পদ্ধতিটি পাঁচটি বরোর খরচ কমিয়ে আনবে এবং প্রত্যেক নিউ ইয়র্কবাসীর পকেটে সত্যিই অর্থ ফেরত দিবে।"

**ন্যাশনাল ফেডারেশন অফ ইন্ডিপেন্ডেন্ট বিজনেস (National Federation of Independent Business, NFIB) এর নিউ ইয়র্ক স্টেট ডিরেক্টর Ashley Ranslow (অ্যাশলে রানস্লো) বলেন,** "ছোট ব্যবসার মালিক সহ সকল নিউ ইয়র্কবাসীকে প্রভাবিত করে এমন গাড়ির ইনস্যুরেন্স, ক্রয়ক্ষমতার সংকট মোকাবেলা করার জন্য NFIB গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) কে সাধুবাদ জানায়।" ছোট ব্যবসাগুলি প্রায়শই অত্যন্ত বেশি ইনস্যুরেন্স প্রিমিয়ামকে একটি বড় সমস্যা হিসাবে উল্লেখ করে এবং প্রিমিয়াম হ্রাসের মাধ্যমে স্বস্তি খুঁজছে। মেইন স্ট্রিটের জন্য গাড়ির ইনস্যুরেন্স প্রিমিয়াম কমানোর প্রচেষ্টার জন্য জালিয়াতি প্রতিরোধ এবং অপ্রয়োজনীয় ও ব্যয়বহুল মামলা-মোকদ্দমা সীমিত করার জন্য গভর্নরের প্রস্তাবগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ। অন্যভাবে নেবেন না, জালিয়াতি এবং নিয়ন্ত্রণের বাইরের মামলাগুলি ছোট ব্যবসা এবং ভোক্তাদের জন্য ইনস্যুরেন্স প্রিমিয়াম বাড়িয়ে দিচ্ছে। অন্যান্য স্টেট কর্তৃক গৃহীত এই বাস্তব ও ন্যায্য সংস্কারগুলিকে নিউ ইয়র্কে স্বাগত জানানো উচিত।"

**NAACP নিউ ইয়র্ক স্টেট কনফারেন্সের (New York State Conference) ইকোনোমিক ডেভেলপমেন্টের চেয়ার Garry Johnson (গ্যারি জনসন) বলেন,** "নিউ ইয়র্কের অটো ইনস্যুরেন্সের বাজার সংশোধনের জন্য গভর্নর Hochul-এর (হোকল) প্রস্তাবনাগুলি একটি প্রয়োজনীয় হস্তক্ষেপ যা থেকে পুরো স্টেটের নিউ ইয়র্কবাসীরা লাভবান হবেন। প্রিমিয়ামের খরচ অনেক দিন ধরে বাড়িয়ে দিতে থাকা জালিয়াতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার মাধ্যমে, গভর্নর আমাদের স্টেটের ক্রয়ক্ষমতার সংকটের মূল কারণগুলি সমাধান করছেন। এগুলি কমন সেন্সের সংশোধন এবং সকলের জন্য সঠিক দিকে নেওয়া একটি পদক্ষেপ। NAACP নিউ ইয়র্ক স্টেট কনফারেন্স এই প্রস্তাবনাগুলিকে সমর্থন করতে পেরে গর্বিত।"

**AAA নিউ ইয়র্ক স্টেট লেজিসলেটিভ কমিটির (AAA New York State Legislative Committee) সভাপতি John Corlett (জন করলট) বলেন,** "নিউ ইয়র্কবাসীরা দেশের মধ্যে

সর্বোচ্চ হারে গাড়ির ইনস্যুরেন্স প্রদান করে। শুধুমাত্র জালিয়াতির কারণেই প্রতি বছর প্রিমিয়াম 300 ডলার পর্যন্ত বৃদ্ধি পায়। গভর্নরের এই সর্বাঙ্গীন পরিকল্পনা গ্রাহকদের জন্য অত্যন্ত প্রয়োজনীয় আর্থিক স্বস্তি প্রদান করবে।"

**সিটিজেন বাজেট কমিশনের প্রেসিডেন্ট Andrew Rein (অ্যান্ড্রু রেইন) বলেন,** "নিউ ইয়র্কের বাসিন্দা এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলির আকাশছোঁয়া প্রিমিয়াম কমাতে পারে এমন গাড়ির ইনস্যুরেন্সের বাস্তব ও ন্যায্য সংস্কার প্রস্তাব করার জন্য আমরা গভর্নর Hochul (হোকল) এর প্রশংসা করি। এই সংশোধনগুলি যথাযথভাবে নিউ ইয়র্ককে অন্যান্য স্টেটের মতো করবে এবং স্টেটের জন্য খরচ না বাড়িয়েই নিউ ইয়র্কবাসীর অর্থ সাশ্রয় করবে। এটি একটি স্মার্ট সিদ্ধান্ত।"

**Tech:NYC-র প্রেসিডেন্ট এবং মুখ্য নির্বাহী কর্মকর্তা Julie Samuels (জুলি স্যামুয়েলস) বলেন,** "Tech:NYC গাড়ি ইনস্যুরেন্স খরচ কমানোর জন্য গভর্নরের প্রস্তাবকে দৃঢ়ভাবে সমর্থন করে। আমরা সকলে আরো নিরাপদ রাস্তা এবং দুর্ঘটনার শিকার ব্যাক্তিদের জন্য ন্যায্যতা চাই। কিন্তু আমরা নিউ ইয়র্কের জীবনযাত্রার ব্যয় বৃদ্ধির জন্য ইনস্যুরেন্স খরচকেও উপেক্ষা করতে পারি না। গভর্নর হোকলের প্রস্তাব ভারসাম্য পুনরুদ্ধার করে — বৈধ ক্লেমগুলিকে রক্ষা করে এবং একই সাথে আমাদের প্রিমিয়ামকে দেশের মধ্যে সর্বোচ্চ করে তোলা ব্যয়ের কারণগুলি মোকাবেলা করে। ক্রয়ক্ষমতা এবং ন্যায্যতা উভয়ই গভীরভাবে সম্পর্কযুক্ত।"

**ব্রুকলিন চেম্বার অফ কমার্সের (Brooklyn Chamber of Commerce) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা Randy Peers (র্যান্ডি পিয়ার্স) বলেন,** "নিয়ন্ত্রণের বাইরে থাকা জালিয়াতি এবং অপব্যবহারের কারণে ইনস্যুরেন্সের হার নিউ ইয়র্ক স্টেটের ব্যবসা এবং বাসিন্দা সকলের জন্যই সামগ্রিক ক্রয়ক্ষমতার সংকট বাড়িয়ে দিচ্ছে। এই গুরুতর সমস্যা, যা নিউ ইয়র্ক স্টেটে কোম্পানি এবং কর্মীদের ধরে রাখার ক্ষমতাকে প্রভাবিত করে এবং অর্থনৈতিক বিকাশকে বাধাগ্রস্ত করে, তার সমাধানে গভর্নর Hochul-এর (হোকল) সার্বিক চেষ্টার ব্রুকলিন চেম্বার অফ কমার্স প্রশংসা করছে।"

**ব্রুকলিন চেম্বার অফ কমার্সের সহ সভাপতি Gil Cygler (গিল সাইলার) বলেন,** "ইনস্যুরেন্স জালিয়াতি, যা শুধু ভোক্তাদের গাড়ির জন্যই না, বরং তাদের Uber এর, ডেলিভারির এবং গাড়ি ভাড়ার খরচ বাড়িয়ে দিয়ে তাদের জন্য নীরব ঘাতক হয়ে দাঁড়িয়েছে, তার প্রতি দৃষ্টি আকর্ষণ করার জন্য আমি গভর্নর Hochul (হোকল) কে সাধুবাদ জানাই। কারো ভুল নেই এমন ইন্ডাস্ট্রিতে ব্যাপক জালিয়াতির কারণে স্থানীয় গাড়ি ভাড়া কোম্পানিগুলির জন্য ইনস্যুরেন্স সীমিত হওয়ার কারণে, আমি গাড়ি ভাড়ার ব্যবসা থেকে বেরিয়ে আসতে বাধ্য হয়েছিলাম, যেখানে 100 জন নিউ ইয়র্কবাসীকে নিয়োগ দেওয়া হয়েছিলো। কমন সেন্সের পরিবর্তন যোগ করার মাধ্যমে কারো ভুল নেই এমন পদ্ধতি সংশোধন করলে করলে নিউ ইয়র্কবাসীদের হাজার হাজার মার্কিন ডলার সাশ্রয় হতে পারে। অটো ইনস্যুরেন্স সংস্কারের উপর তার মনোযোগের জন্য গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ।"

**ব্রঙ্কস চেম্বার অফ কমার্সের (Bronx Chamber of Commerce) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা Lisa Sorin (লিসা সরিন) বলেন,** "গভর্নর Hochul-এর (হোকল) প্রস্তাবনাগুলি বুঝতে পেরেছে যে গাড়ির ইনস্যুরেন্সের ক্রয়ক্ষমতা একটি ভোক্তা সমস্যা এবং একটি ব্যবসায়িক সমস্যাও, এবং এই দুইটি একটি অন্যের সাথে অনেক বেশি সংযুক্ত। যখন

জালিয়াতি, অপব্যবহার এবং অপ্রয়োজনীয় মামলা-মোকদ্দমা খরচ বাড়িয়ে দেয়, তখন তা পরিবার এবং ব্যবসা সকলের জন্য চাপের কারণ হয়ে দাঁড়ায়। অসাধু ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া এবং পলিসি তৈরিকারীদের কাছে সেভিংস ফেরত দেওয়ার বিষয়টি নিশ্চিত করার মাধ্যমে এই সংশোধনগুলি একটি ঢেউয়ের মতো প্রভাব তৈরি করতে পারে যা ব্যবসাকে শক্তিশালী করে, দাম স্থিতিশীল করে এবং কর্মজীবী নিউ ইয়র্কবাসীদের উপর চাপ কমায়। ক্রয়ক্ষমতার চ্যালেঞ্জ যখন পরিবার এবং আমাদের স্টেটের অর্থনীতিকে শক্তিশালী করে এমন ব্যবসাকে চাপের মধ্যে ফেলে দিচ্ছে, তখন এই প্রস্তাবনাগুলি একটি বাস্তব এবং প্রয়োজনীয় পদক্ষেপের চিহ্ন। এই গুরুত্বপূর্ণ পরিবর্তনকে অগ্রসর করতে এবং বাস্তবায়নের জন্য ব্রঙ্কস চেম্বার অফ কমার্স গভর্নর Hochul-এর (হোকলের) সাথে আছে।"

**বেস্ট ওয়ে অটো কলিশন অফ ডিয়ার পার্ক, ইনকর্পোরেটেড (Best Way Auto Collision of Deer Park, Inc.) এর মালিক Ibrahim Duman (ইব্রাহিম ডুমান) বলেন,** "লং আইল্যান্ডে একটি গাড়ির বডি শপ চালানোর সুবাদে আমি দেখেছি যে মানুষ কতটা কঠোর পরিশ্রম করে এবং তাদের ইনস্যুরেন্স খরচ ক্রমাগত বাড়ার কারণে তা কতটা হতাশাজনক হয়ে দাঁড়ায়। এর অনেকটা অংশই আসে প্রতারণামূলক বীমা দাবি থেকে। এর মানে হলো ভুল না করা গ্রাহকদের বেশি প্রিমিয়াম দিতে হয়। আমি গভর্নর Hochul (হোকল)-এর এই পর্যন্ত আসাকে এবং এই বিষয়টিকে গুরুত্বের সাথে গ্রহণ করার বিষয়টিকে সাধুবাদ জানাই, কারণ এটি এমন একটি সমস্যা যা আমাদের গ্রাহক এবং আমাদের কমিউনিটিকে প্রায়শই প্রভাবিত করে।"

**লং আইল্যান্ড আফ্রিকান আমেরিকান চেম্বার অব কমার্সের (Long Island African American Chamber of Commerce) প্রেসিডেন্ট Phil Andrews (ফিল অ্যান্ড্রুজ) বলেন,** "প্রতারণার ফলে অবশ্যই কারো না কারো ক্ষতি হয়। অটো ইন্স্যুরেন্স বীমার উচ্চমূল্য অর্থনীতির ওপর নেতিবাচক প্রভাব ফেলে, বিশেষ করে আমাদের লং আইল্যান্ডের এই কমিউনিটিগুলোতে। এগুলো অর্থনৈতিক গতিশীলতাকে বাধাগ্রস্ত করে এবং ব্যবসা পরিচালনা করা, পণ্য সরবরাহ করা, কর্মস্থলে যাতায়াত করা, স্কুলে যাওয়া এবং পরিবারের সাথে দেখা করাকে আরো কঠিন ও ব্যয়বহুল করে তোলে। বীমার প্রিমিয়াম বাড়িয়ে দেওয়া সুযোগসন্ধানী অপতৎপরতা এবং অপব্যবহারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য — এবং কঠোর পরিশ্রমী লং আইল্যান্ডবাসীদের জন্য অটো ইন্স্যুরেন্সকে আরো সাশ্রয়ী করার লক্ষ্যে কাজ করার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে সাধুবাদ জানাই।"

**সাফোক কাউন্টি অ্যালায়েন্স অফ চেম্বার অফ কমার্সের (Suffolk County Alliance of Chambers of Commerce) চেয়ারম্যান Bob Fonti (বব ফন্টি) বলেন,** "বাড়তে থাকা অটো ইনস্যুরেন্সের খরচ লং আইল্যান্ডের (Long Island) পরিবার এবং ছোট ব্যবসাগুলিকে চাপের মুখে ফেলছে, এবং গভর্নর Hochul (হোকল) এর মোকাবেলায় অর্থপূর্ণ পদক্ষেপ নিচ্ছেন। সাজানো দুর্ঘটনার জালিয়াতির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া, কারো ভুল নেই এমন ব্যবস্থাকে আধুনিক করা এবং ইনস্যুরেন্স ইন্ডাস্ট্রির স্বচ্ছতা বাড়ানোর জন্য তার প্রস্তাবনাগুলি বাস্তবসম্মত, ভারসাম্য তৈরির পদক্ষেপ যা বৈধ দাবি রক্ষা করার সাথে সাথে খরচ কমাতে সাহায্য করবে। অর্থনৈতিক বিকাশের জন্য ক্রয়ক্ষমতা অনেক বেশি প্রয়োজন, এবং এই সংশোধনগুলি বুঝতে পেরেছে যে ইনস্যুরেন্সের খরচ শুধু একটি ভোক্তা সমস্যা না, বরং একটি ব্যবসা এবং কর্মশক্তিরও সমস্যা।"

**New York Insurance Association, Inc.-এর প্রেসিডেন্ট Cassandra Anderson (ক্যাসান্ড্রা অ্যান্ডার্সন), CAE বলেন,** "জালিয়াতি, অপব্যবহার এবং অতিরিক্ত মামলার মোকাবেলা করে নিউ ইয়র্কের চালকদের জন্য অটো ইনস্যুরেন্সকে আরো সাশ্রয়ী করে তোলার জন্য New York Insurance Association গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছে। বাড়তে থাকা অটো ইনস্যুরেন্সের খরচ মোকাবেলার জন্য জালিয়াতির বিরুদ্ধে দৃঢ় অবস্থান নেওয়া এবং অতিরিক্ত মামলা-মোকদ্দমার উপর নিয়ন্ত্রণ আনা অনেক বেশি গুরুত্বপূর্ণ। জালিয়াতি এবং মামলা-মোকদ্দমা কমাতে এবং একটি স্থিতিশীল এবং টেকসই ইনস্যুরেন্সের বাজার নিশ্চিত করতে আমরা কাস্টোমারদের পাশে আছি। আমরা গভর্নরের নেতৃত্বকে মূল্য দেয় এবং তার সাথে একমত যে নিউ ইয়র্কবাসীদের সুরক্ষার জন্য পদক্ষেপ নেওয়া প্রয়োজন।"

**কোয়ালিশন এগেইন্সট ইনস্যুরেন্স ফ্রড (Coalition Against Insurance Fraud) এর এক্সিকিউটিভ ডিরেক্টর Michelle Rafeld (মিশেল রাফেল্ড) বলেন,** "জালিয়াতি যখন নিয়ন্ত্রণাধীন থাকে না, তখন গ্রাহকদের ইনস্যুরেন্সের জন্য বেশি প্রিমিয়াম পরিশোধ করতে হয়। গভর্নর Hochul-এর (হোকল) পরিকল্পনা বুঝতে পেরেছে যে সাজানো দুর্ঘটনা এবং অর্গানাইজড জালিয়াতির চক্র পুরো নিউ ইয়র্কের পরিবার এবং ব্যবসাকে ক্ষতিগ্রস্ত করে। Coalition Against Insurance Fraud অনেক দিন ধরে নিউ ইয়র্কে সাজানো দুর্ঘটনার বিচার জোরদার করার পক্ষে সমর্থন করে আসছে। Coalition গভর্নর Hochul-এর (হোকল) সাজানো দুর্ঘটনা ঘটানো ব্যক্তিদের লক্ষ্য করে বানানো লেজিস্লেশনের প্রস্তাবের প্রশংসা করছে। এটি শুধু খরচ বাঁচানো জালিয়াতি-বিরোধী পদক্ষেপ না, বরং এটি হলো একটি জীবন রক্ষাকারী চেষ্টা যা সৎ চালকদের সুরক্ষা দিবে।"

**লস্যুট রিফর্ম অ্যালায়েন্স অফ নিউ ইয়র্ক (Lawsuit Reform Alliance of New York) এর এক্সিকিউটিভ ডিরেক্টর Tom Stebbins (টম স্টেবিন্স) বলেন,** "আমাদের নাগরিক দায়বদ্ধতা আইনগুলিকে অসাধু ব্যক্তিরা যাতে অন্যায়ভাবে ব্যবহার না করে তা নিশ্চিত করার ক্ষেত্রে গভর্নর Hochul (হোকল) এর নেতৃত্বের জন্য আমরা কৃতজ্ঞ। ব্যাপক জালিয়াতি মোকাবেলা করার মাধ্যমে তার প্রস্তাবনাগুলি ইনস্যুরেন্সকে আরো সাশ্রয়ী এবং আমাদের রাস্তাকে আরো নিরাপদ করতে সাহায্য করবে। এগুলি নিশ্চিত করবে আজকে এই পরিকল্পনাগুলি পরিচালনা করা কৌশলী ব্যক্তিদের বিচারের আওতায় আনা হয় এবং শুধু চালক হিসেবে কাজ পাওয়া দুর্বল ব্যক্তিদের শাস্তি না দেওয়া হয়। জালিয়াতি এবং মামলার অপব্যবহার ভিকটিমহীন অপরাধ না। ফ্লোরিডা এবং জর্জিয়ার মতো অন্যান্য স্টেটে নাগরিক দায়বদ্ধতা সংশোধন বাস্তবায়নের ফলে, কাস্টোমাররা সত্যিকারের সেভিংস পাচ্ছেন। নিউ ইয়র্কবাসীদের অগ্রাধিকার দেওয়া এবং জালিয়াতির লুকানো খরচ থেকে আমাদের সকলকে রক্ষা করার জন্য অর্থপূর্ণ পদক্ষেপ নেওয়ার জন্য আমরা গভর্নর হোকলেরর প্রশংসা করি।"

**American Property Casualty Insurance Association (APCIA)-এর ডিপার্টমেন্টের ভাইস প্রেসিডেন্ট Kristina Baldwin (ক্রিস্টিনা ব্যাল্ডউইন) বলেন,** "নিউ ইয়র্ক স্টেটে অটো ইনস্যুরেন্সের প্রিমিয়ামের উপর প্রভাব ফেলতে পারে এমন খরচের কারণ মোকাবেলায় পদক্ষেপ নেওয়ার জন্য APCIA গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছে, যার মধ্যে আছে নিউ ইয়র্কে অটো ইনস্যুরেন্সকে জর্জরিত করে এমন ব্যাপক ইনস্যুরেন্স জালিয়াতির বিরুদ্ধে লড়াই করার প্রস্তাবনা এবং অটো দুর্ঘটনা মামলায় ন্যায্যতা বাড়ানোর প্রস্তাবনা। এই খরচ কমানোর ফলে দাবির খরচ এবং মামলা-মোকদ্দমার খরচ কমবে, যা ইনস্যুরেন্সের প্রিমিয়াম বাড়ানোর ক্ষেত্রে

একটি বড় ভূমিকা পালন করে। এই সমস্যাগুলি সমাধান করার ফলে, কাস্টোমাররা অবশেষে আরো স্থিতিশীল এবং সাশ্রয়ী মূল্যের ইনস্যুরেন্সের খরচের কারণে লাভবান হতে পারবেন; একই সাথে তাদের জালিয়াতি এবং অতিরিক্ত আইনি খরচ থেকে সুরক্ষিত রাখা নিশ্চিত করা যাবে। APCIA এই গুরুত্বপূর্ণ বিষয়ে গভর্নর এবং আইনসভার সাথে কাজ করার জন্য ব্যাপারে আগ্রহী।"

**নিউ ইয়র্ক মেট্রোপলিটন ট্রাকিং অ্যাসোসিয়েশন (New York Metropolitan Trucking Association) এর এক্সিকিউটিভ ডিরেক্টর Patrick Hyland (প্যাট্রিক হাইল্যান্ড) বলেন,** "এই গুরুত্বপূর্ণ সমস্যার সমাধানে গভর্নর Hochul (হোকল) এর পদক্ষেপ নেওয়ার জন্য নিউ ইয়র্ক মেট্রোপলিটন ট্রাকিং অ্যাসোসিয়েশন রোমাঞ্চিত। গত কয়েক বছর ধরে আমাদের সদস্যরা এমন একটি বাজারে কাজ করছেন যেখানে ক্যারিয়ার কমে গেছে এবং হার এমনভাবে বেড়ে গেছে যে তা আর স্থিতিশীল নেই। আমাদের দুশ্চিন্তা সম্পর্কে শোনার জন্য এবং 2026 সালের নিউ ইয়র্ক স্টেট বাজেটে অতি প্রয়োজনীয় এইসব সংশোধন পাশ করতে আইনসভাকে আহ্বান করার জন্য আমরা গভর্নরকে ধন্যবাদ জানাচ্ছি।"

**ট্রাকিং অ্যাসোসিয়েশন অফ নিউ ইয়র্ক (Trucking Association of New York) এর প্রেসিডেন্ট Kendra Hems (কেনড্রা হেমস) বলেন,** "ইনস্যুরেন্সের ক্রয়ক্ষমতার সঙ্কট যে কোনো অবাস্তব সমস্যা না, বরং এটি যে চাকরি, নিরাপত্তা এবং অর্থনৈতিক স্থিতিশীলতার জন্য একটি সত্যিকারের হুমকি তা বুঝতে পারার জন্য আমরা গভর্নর Hochul (হোকল) কে ধন্যবাদ জানাচ্ছি। বাড়তে থাকা ইনস্যুরেন্স ও মামলা-মোকদ্দমার খরচ, সেই সাথে জালিয়াতি মোকাবেলায় তার নেতৃত্বের কারণে নিউ ইয়র্কের ব্যবসাগুলিকে টিকিয়ে রাখার, সাপ্লাই জোরদার রাখার, এবং আমাদের কর্মশক্তিকে চাকরি দেয়ার ব্যাপারে অতি গুরুত্বপূর্ণ সব পদক্ষেপ নেওয়া হচ্ছে।"

**ন্যাশনাল ইন্স্যুরেন্স ক্রাইম ব্যুরো অফিস অফ স্ট্র্যাটেজি, পলিসি অ্যান্ড গভর্নমেন্ট অ্যাফেয়ার্স (National Insurance Crime Bureau, Office of Strategy, Policy, and Government Affairs) এর সিনিয়র ডিরেক্টর Howard Handler (হাওয়ার্ড হ্যান্ডলার), MPPA, বলে,** "ইনস্যুরেন্সের জালিয়াতি এমন কোনো অপরাধ নয় যার জন্য কেউ ক্ষতিগ্রস্ত হন না। অনেক দিন ধরে, প্রতারকরা নিউ ইয়র্কের ভোক্তা এবং চাকরিদাতাদের সাজানো দুর্ঘটনা এবং অন্যান্য কৌশলের মাধ্যমে ঠকাচ্ছেন, এবং এর প্রভাবগুলি শুধু সকলের জন্য খরচ বাড়িয়ে দেয় না, বরং এছাড়াও এইসব চক্রে জড়িয়ে পড়া ব্যক্তিদের জীবন ও শারীরিক অবস্থাকে ঝুঁকিগ্রস্ত করে। National Insurance Crime Bureau ভুয়া দাবি এবং অনেক খরচের আইনি ব্যবস্থার অপব্যবহারের বিরুদ্ধে লড়াই করার জন্য গভর্নর Hochul-এর (হোকল) প্রতিশ্রুতির প্রশংসা করছে, এবং নিউ ইয়র্কের আইন তৈরিকারীদেরকে এখনই পদক্ষেপ নেওয়ার তাগিদ দিচ্ছে।"

**নাসাউ সাফোক ফায়ার ডিস্ট্রিক্টস লেজিসলেচার কমিটি (Nassau Suffolk Fire Districts Legislature Committee) এর সভাপতি Bill Theis (বিল থিস) বলেন,** "আমরা গভর্নরের সাশ্রয়ী মূল্যের ইনস্যুরেন্স প্রস্তাবকে সমর্থন করি, বর্ধিত খরচ এবং কম ইনস্যুরেন্স প্রদানকারীর কারণে ফায়ার ডিস্ট্রিক্টগুলি ইনস্যুরেন্স প্রাপ্তির ক্ষেত্রে ক্রমবর্ধমান চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছে। এই প্রস্তাবগুলি নিশ্চিত করবে যে ফায়ার ডিস্ট্রিক্টগুলি আমাদের যানবাহনের

যথাযথ কভারেজ বজায় রাখতে পারে, যার ফলে আমরা আমাদের কমিটিগুলিকে সুরক্ষিত রাখতে পারব।"

**Volunteers of America-Greater New York (VOA-GNY)-এর প্রেসিডেন্ট এবং CEO Dr. Jeffrey R. Ginsburg (ডাঃ জেফ্রি আর গিন্সবার্গ) বলেন,** "পুরো নিউ ইয়র্কে ননপ্রফিট অর্গানাইজেশনগুলি কম খরচে বেশি কাজ করতে অভ্যস্ত, কিন্তু আমরা সাম্প্রতিক বছরগুলিতে তহবিলের আনুপাতিক বাড়ানো ছাড়াই গাড়ির ইনস্যুরেন্সের হারকে 50 শতাংশ পর্যন্ত বাড়তে দেখতে পেয়েছি। সকল নিউ ইয়র্কবাসীর জন্য ক্রয়ক্ষমতার সমস্যার সমাধানে এবং অটো ইনস্যুরেন্সের হার বাড়ার মূল কারণের সমাধানে গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের জন্য আমরা কৃতজ্ঞ। এই প্রস্তাবনাগুলি VOA-GNY-এর মতো ননপ্রফিট অর্গানাইজেশনকে আমাদের মূল লক্ষ্যের উপর আমাদের রিসোর্স ব্যবহার করতে দিবে: যা হলো দরিদ্র নিউ ইয়র্কবাসীদের হাউজিং, স্বাস্থ্য, এবং কর্মশক্তির বিকাশের সেবা দেওয়া।"

**সাফোক ট্রান্সপোর্টেশন সার্ভিস (Suffolk Transportation Service) এর প্রেসিডেন্ট এবং মুখ্য নির্বাহী কর্মকর্তা John Corrado (জন কোরাডো) বলেন,** "গাড়ির ইনস্যুরেন্সের ক্ষেত্রে আমাদের সাশ্রয় করা প্রতিটি মার্কিন ডলার আমাদেরকে আরো ভালো পরিষেবা দিতে, করদাতাদের জন্য অর্থ সাশ্রয় করতে এবং আমাদের বাস চালকদের সহায়তা করতে সাহায্য করতে পারবে। নিউ ইয়র্কবাসীদের দেশের সর্বোচ্চ অটো ইনস্যুরেন্সের হার দিতে হওয়া উচিত না তা বুঝতে পারার এবং এই লড়াইয়ে অংশ নেওয়ার সাহস দেখানোর জন্য আমরা গভর্নর Hochul-এর (হোকল) কাছে কৃতজ্ঞ।"

**দ্যা বিজনেস কাউন্সিল অব ওয়েস্টচেস্টার (The Business Council of Westchester) এর এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট এবং চিফ অপারেটিং অফিসার John Ravitz (জন রাভিটিজ) বলেন,** "BCW গভর্নরের ইনস্যুরেন্সের খরচ কমানোর প্রস্তাবনাকে সমর্থন করে, বিশেষ করে যানবাহনের ইনস্যুরেন্সের হার কমানোর জন্য জালিয়াতি এবং অসাধু ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার ক্ষেত্রে, সমগ্র স্টেটে ইনস্যুরেন্স জালিয়াতির তদন্ত আরো দৃঢ়ভাবে করতে তাদের চেষ্টা বাড়ানোর ক্ষমতা দেওয়ার মাধ্যমে স্টেটের মোটর গাড়ি চুরি এবং ইনস্যুরেন্স জালিয়াতি প্রতিরোধ বোর্ড (Motor Vehicle Theft and Insurance Fraud Prevention Board) কে পুনরুজ্জীবিত করে।"

**Orange County Partnership-এর প্রেসিডেন্ট এবং CEO Conor Eckert (কনর একার্ট) বলেন,** "অনেক বেশি অটো ইনস্যুরেন্সের খরচ পরিবারের বাজেটের উপর চাপ তৈরি করে এবং পুরো নিউ ইয়র্কে ব্যবসা করার খরচ বাড়ায়, এবং জালিয়াতি কমানো এবং স্বচ্ছতা বাড়ানোর চেষ্টা হলো আরো সাশ্রয়ী এবং প্রতিযোগিতামূলক পরিবেশ তৈরির জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই বিষয়গুলি এবং নিউ ইয়র্কের ব্যবসা এবং কর্মশক্তির উপর এর প্রভাবের ব্যাপারে গভর্নরের মনোযোগের জন্য আমরা তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

**Nonprofit Westchester-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Jan Fisher (জ্যান ফিশার) বলেন,** "আমরা ক্রয়ক্ষমতা মোকাবেলায় গভর্নরের প্রতিশ্রুতি এবং নিউ ইয়র্কবাসীর উপর অস্থিতিশীল আর্থিক চাপ মোকাবেলায় তার এজেন্ডার প্রশংসা করছি। আর্থিক চাপ সহজ করতে তিনি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিচ্ছেন।"

**LI Main Street Alliance এবং Vision Long Island-এর ডিরেক্টর Eric Alexander (এরিক অ্যালেকজান্ডার) বলেন,** "খরচ নিয়ন্ত্রণের চেষ্টা করার সময় বাসিন্দা এবং ব্যবসার মালিকদের জন্য গাড়ির ইনস্যুরেন্সের অনেক বেশি খরচ বারবার একটি সমস্যা হিসেবে উঠে এসেছে। এই অসহনীয় খরচ কমিয়ে অন্যান্য স্টেটের মতো করার প্রস্তাব দেওয়ার জন্য গভর্নর Hochul-এর (হোকল) ধন্যবাদ।"

**ইনস্টিটিউটস অফ অ্যাপ্লাইড হিউম্যান ডাইনামিক্স, ইনকর্পোরেটেড (Institutes of Applied Human Dynamics, Inc. , IAHD) এর মুখ্য নির্বাহী কর্মকর্তা Omayra Andino (ওমায়রা অ্যান্ডিনো) বলেন,** "গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) গাড়ির ইনস্যুরেন্স খরচ কমানোর প্রয়োজনীয়তার উপর জোর দিচ্ছেন, তাই ক্রমবর্ধমান ব্যয় কীভাবে IAHD-এর মতো অলাভজনক প্রতিষ্ঠান এবং বিকাশগত প্রতিবন্ধী ব্যক্তিদের সহায়তাকারী প্রয়োজনীয় কর্মীদের উপর প্রভাব ফেলবে তা স্বীকার করা গুরুত্বপূর্ণ। প্রতিটি অপ্রয়োজনীয় খরচ আমাদের উন্নত মানের পরিষেবা প্রদানের ক্ষমতাকে চাপের মুখে ফেলে এবং এটি আমাদের কর্মীবাহিনীকে, যারা ইতিমধ্যেই তাদের কর্তব্য পালনের জন্য অনেক কম বেতন পান, যা তাদের খাবার এবং বিল পরিশোধের মতো মৌলিক চাহিদাগুলির মধ্যে একটিকে বেছে নেওয়ার দিকে ঠেলে দেয়। আমরা নিউ ইয়র্ককে আরও সাশ্রয়ী করে তোলার প্রচেষ্টাকে স্বাগত জানাই এবং আমরা মানবসেবা সংস্থা এবং আমাদের কমিউনিটিকে শক্তিশালী রাখার জন্য সামনের সারির পেশাদারদের সম্মুখীন হওয়া আর্থিক চাপের প্রতি অব্যাহত মনোযোগ দেওয়ার আহ্বান জানাই।"

**New Hope Christian Fellowship এবং কমিউনিটির অ্যাক্টিভিস্ট সিনিয়র প্যাস্টর বিশপ Orlando Findlayter (অর্ল্যান্ডো ফিন্ডলেটার) বলেন,** "এমন এক সময়ে যখন প্রতিদিনের খরচ বেড়ে চলেছে, গভর্নর Hochul-এর (হোকল) গাড়ি ইনস্যুরেন্সের প্রিমিয়াম কমানোর উপর মনোযোগ সত্যিকারের নেতৃত্বের পরিচয় দেয়। নিউ ইয়র্কের পরিবারগুলির অর্থনৈতিক স্বস্তির জন্য ইনস্যুরেন্সকে আরো সাশ্রয়ী করে তোলা একটি প্রয়োজনীয় পদক্ষেপ।"

**67th প্রিসিঙ্কট ক্লার্জি কাউন্সিল, ইনকর্পোরেটেড - "দ্য গডস্কোয়াড" (67th Precinct Clergy Council, Inc - “The GodSquad") বোর্ডের চেয়ার প্যাস্টর লুই স্ট্রেকার, জুনিয়র (Louis Straker, Jr.) বলেন,** “ব্রুকলিনের একজন সিনিয়র প্যাস্টর এবং কমিউনিটি নেতা হিসেবে, আমি ক্রমবর্ধমান খরচের বোঝা এবং কর্মজীবী পরিবারগুলির উপর এর চাপ প্রত্যক্ষ করেছি। 67th প্রিসিঙ্কট ক্লার্জি কাউন্সিল, "দ্য গডস্কোয়াড"-এ, আমরা বুঝতে পারি যে ক্রয়ক্ষমতাও একটি জননিরাপত্তার বিষয়। এই কারণেই আমরা জালিয়াতি মোকাবেলা করে এবং সিস্টেমে ন্যায্যতা ফিরিয়ে এনে, গভর্নর Hochul (হোকল) এর গাড়ির ইনস্যুরেন্সের হার কমানোর প্রস্তাবকে সাধুবাদ জানাই, যাতে এটি অসাধু ব্যক্তিদের পরিবর্তে সাধারণ মানুষের জন্য কাজ করে। আমাদের কমিউনিটির এই ধরনের বাস্তবসম্মত নেতৃত্বের প্রয়োজন — এমন নেতৃত্ব যা ভোক্তাদের প্রথমে রাখে এবং উচ্চ জীবনযাত্রার ব্যয়ের সম্মুখীন হওয়া কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের উপর আর্থিক চাপ কমায়।"

**নিউ ইয়র্ক বোর্ড অফ র্যাবিস (New York Board of Rabbis), Rabbi Joe Potasnik (র্যাবি জো পোটাসনিক) বলেন,** "দ্যা নিউ ইয়র্ক বোর্ড অফ র্যাবিস গভর্নরের গাড়ির ইনস্যুরেন্সের খরচ নিয়ন্ত্রণের প্রস্তাবগুলিকে অত্যন্ত আগ্রহের সাথে সমর্থন করে। প্রতিদিন নিউ

ইয়র্কবাসীদের যা প্রয়োজন তা হল প্রয়োজনীয় পণ্য ও পরিষেবা আর্থিক সংগতির মধ্যে রাখা এবং এই প্রস্তাবটি নিরাপত্তার সাথে বা ক্ষতিগ্রস্থদের সহায়তার সাথে আপোস না করেই তা প্রদান করে।"

**লং বিচ ল্যাটিনো সিভিক অ্যাসোসিয়েশনের (Long Beach Latino Civic Association) এক্সিকিউটিভ ডিরেক্টর Helen Dorado Alessi (হেলেন ডোরাডো অ্যালেসি) বলেন,** "প্রতারণামূলক ক্লেমগুলির কারণে যে উচ্চ ব্যয় হয়, তা অন্যায়ভাবে সবার ওপর বোঝা তৈরি করে। সাধারণ নিউ ইয়র্কবাসীদের বীমা খরচ কমাতে জালিয়াতি কমানো এবং দোষীদের শাস্তির আওতায় আনতে গভর্নরের বলিষ্ঠ পদক্ষেপকে আমরা সমর্থন জানাই। সবার জন্য ন্যায্য ও অ্যাক্সেসযোগ্য বীমা সুবিধা নিশ্চিত করতে এই পদ্ধতিগত খরচগুলোর সমাধান করা এখন সময়ের দাবি। জীবনযাত্রার ব্যয় বাড়তে থাকায় সাধারণ মানুষের ওপর চাপ বাড়ছে, আর এই সমস্যার কারণে লং আইল্যান্ডের পরিবারগুলো সবচেয়ে বেশি বিপদে আছে। যেহেতু আমাদের কমিউনিটির মানুষের জন্য গাড়ি ও ট্রাকই যাতায়াতের প্রধান মাধ্যম, তাই স্থানীয় অর্থনীতির স্থিতিশীলতা ধরে রাখতে ইনস্যুরেন্স খরচ কমানো অত্যন্ত জরুরি।"

**ন্যাশনাল অ্যালায়েন্স অন মেন্টাল ইলনেস (National Alliance on Mental Illness, NAMI) এর NYS গভর্নমেন্ট অ্যান্ড কমিউনিটি অ্যাফেয়ার্স (Government & Community Affairs) ম্যানেজার James Norton, MCJ (জেমস নর্টন, MCJ) বলেন,** "বহির্বিভাগের রোগীর অ্যাপয়েন্টমেন্টে সফরকারী ব্যক্তি, কর্মক্ষেত্রে ভ্রমণকারী একজন ক্লিনিসিয়ান, অথবা প্রিয়জনের সাথে দেখা করার জন্য পরিবারের সদস্য, যেই হোক না কেন, মানসিক স্বাস্থ্য এবং মাদক ব্যবহারের ব্যাধিতে আক্রান্ত ব্যক্তিদের জন্য পরিবহন একটি গুরুত্বপূর্ণ বাধা হিসেবে রয়ে গেছে। বিশেষ করে এই চ্যালেঞ্জটি গ্রামীণ সম্প্রদায়গুলিতে তীব্র, যেখানে বিশেষায়িত পরিষেবা পেতে প্রায়শই দীর্ঘ দূরত্ব সফর করতে হয়। প্রস্তাবিত আইনটি একটি বিদ্যমান ফাঁকফোকর দূর করে, একই সাথে দোষী নন এমন ব্যক্তিদের উপযুক্ত সহায়তা চাওয়ার অধিকার সংরক্ষণ করে। নিউ ইয়র্কবাসীদের পরিবহন-সম্পর্কিত খরচ কমাতে সহায়তা করার মাধ্যমে, এই প্রস্তাবটি পরিচর্যা গ্রহণের ক্ষেত্রে একটি অর্থপূর্ণ বাধা দূর করার এবং চিকিৎসা ও নিরাময়ের পথকে শক্তিশালী করার সম্ভাবনা রাখে।"

**লং আইল্যান্ড অটো বডি রিপেয়ারম্যানস অ্যাসোসিয়েশনের (The Long Island Auto Body Repairmen's Association) নির্বাহী পরিচালক Ed Kizenberger (এড কিজেনবার্গার) বলেন,** "আমরা গাড়ি ব্যবহারকারী জনসাধারণের প্রতি গভর্নরের অটল প্রতিশ্রুতির সাথে একমত এবং সম্ভাব্য সকল উপায়ে গ্রাহকদের সুরক্ষার জন্য তার প্রচেষ্টাকে সমর্থন করি।"

**নিউ ইয়র্ক স্কুল বাস কন্ট্রাক্টরস অ্যাসোসিয়েশনের (School Bus Contractors Association) প্রেসিডেন্ট Paul Quinn Mori (পল কুইন মোরি) বলেন**, "শিক্ষার্থীদের জন্য পরিবহন কোনও বিলাসিতা নয়; এটি একটি অপরিহার্য জনসেবা। নিউ ইয়র্ক দেশের অন্য যেকোনো স্টেটের তুলনায় বেশি স্কুলশিক্ষার্থী পরিবহন করে এবং এই সিস্টেমের মধ্যে একটি সরবরাহকারী হিসেবে, আমরা একটি অতুলনীয় নিরাপত্তা রেকর্ড এবং উৎকর্ষতার প্রতি অটল অঙ্গীকারের সাথে সেই লক্ষ্যে অবদান রাখতে পেরে গর্বিত। আমাদের তত্ত্বাবধানে থাকা প্রতিটি শিশুর নিরাপত্তা নিশ্চিত করার জন্য NYS স্কুল বাস চালকদের কঠোরভাবে প্রশিক্ষিত,

পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষিত এবং সর্বোচ্চ পেশাদার মান বজায় রাখে। গভর্নরের বাস্তব ও ন্যায্য সংস্কারগুলি ইচ্ছাকৃতভাবে ক্ষতিকারক উপায় ব্যবহারকারী ব্যক্তিদের কার্যকলাপ নিয়ন্ত্রণে সয়াহ্যতা করবে যারা গাড়ির ইনস্যুরেন্স খরচ বাড়িয়ে দেয় এবং পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের উপর অন্যায়ভাবে আর্থিক বোঝা চাপিয়ে দেয়। যেহেতু স্কুল পরিবহন মূলত করদাতাদের অর্থায়নে পরিচালিত হয়, তাই পরিচালন ব্যয় বৃদ্ধি, বিশেষ করে গাড়ির ইনস্যুরেন্স প্রিমিয়াম, করদাতাদের উপর প্রত্যক্ষ এবং তাৎক্ষণিক প্রভাব ফেলে।"

**লোগান বাস কোম্পানির (Logan Bus Company) এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট Corey Muirhead (কোরি মুইরহেড) বলেন**, "বছরের পর বছর ধরে, প্রলোভনমূলক মামলা-মোকদ্দমার অর্থায়ন এবং নিয়ন্ত্রণের বাইরে থাকা ইনস্যুরেন্স খরচ বাহকদের স্কুল পরিবহন বাজার থেকে বের করে দিয়েছে। যখন ইনস্যুরেন্সকারীরা স্কুল বাস অপারেটরদের জন্য নীতি লিখতে অস্বীকার করে, তখন এটি কেবল ব্যবসার ক্ষতি করে না — এটি শিশুদের নিরাপদে স্কুলে নিয়ে যাওয়া, নিয়ে আসার আমাদের ক্ষমতাকে হুমকির মুখে ফেলে। যদি এই ধারা অব্যাহত থাকে, তাহলে নিউ ইয়র্ক জুড়ে স্কুল ডিস্ট্রিক্টগুলি উচ্চ খরচ, কম পরিষেবা সরবরাহকারী এবং পরিষেবায় গুরুতর ব্যাঘাতের সম্মুখীন হবে। শিক্ষার্থীদের সুরক্ষা, স্থানীয় অপারেটরদের সহায়তা এবং পরিবারগুলি প্রতিদিন নিরাপদ, নির্ভরযোগ্য পরিবহনের উপর নির্ভর করতে পারে তা নিশ্চিত করার জন্য ইনস্যুরেন্স বাজার স্থিতিশীল করা অপরিহার্য বলে স্বীকৃতি দেওয়ার জন্য আমরা গভর্নরের প্রশংসা করি।"

**আমহার্স্ট চেম্বার অফ কমার্সের (Amherst Chamber of Commerce) প্রেসিডেন্ট A.J. Baynes (এ.জে. বেইনস) বলেন**, "অ্যামহার্স্ট চেম্বার অফ কমার্স গভর্নর Hochul (হোকল) এর গাড়ির ইনস্যুরেন্স শিল্পের সংস্কারের প্রচেষ্টাকে দৃঢ়ভাবে সমর্থন করে, কারণ এটি সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য কভারেজকে আরও সাশ্রয়ী করে তোলার দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। নিউ ইয়র্কের গাড়ি ইনস্যুরেন্স খরচ দেশের মধ্যে সর্বোচ্চ, যার বেশিরভাগই অনিয়ন্ত্রিত জালিয়াতি এবং পুরানো সিস্টেমের কারণে যা সৎ ড্রাইভার এবং নিয়োগকর্তা উভয়ের উপরই বোঝা চাপিয়ে দেয়। সাজানো দুর্ঘটনা এবং ভুয়া মেডিকেল ক্লেমের মতো প্রতারণামূলক পরিকল্পনার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং নিরাপদ চালকদের পুরস্কৃত করার জন্য প্রযুক্তি ব্যবহার করে, এই পরিবর্তনগুলি, সৎ চালক এবং ব্যবসার উপর ইচ্ছাকৃতভাবে ক্ষতিকারক উপায় ব্যবহারকারী ব্যক্তিদের চাপানো উচ্চ খরচ দূর করবে। গাড়ির ইনস্যুরেন্স প্রিমিয়াম কম করলে তা পরিবার এবং ছোট নিয়োগকর্তাদের উপর আর্থিক বোঝা কমাবে, যার ফলে বর্ধিত হারের পরিবর্তে প্রবৃদ্ধি, নিয়োগ এবং কমিউনিটি বিনিয়োগের দিকে আরও বেশি সম্পদ পরিচালিত হবে। প্রেসিডেন্ট এবং মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে, প্রতারকদের চেয়ে গ্রাহকদের অগ্রাধিকার দেওয়ার এবং দায়িত্বশীল নিউ ইয়র্কবাসীদের পকেটে আরও বেশি অর্থ রাখার বিষয়টি নিশ্চিত করার জন্য আমি গভর্নর Hochul (হোকল) এর বাস্তব ও ন্যায্য দৃষ্টিভঙ্গীর প্রশংসা করি।"

**TACS অটো বডি এবং সার্ভিস (Auto Body & Service) এর মালিক Matt Ungerer (ম্যাট উঙ্গেরার) বলেন,** "একটি ছোট, পারিবারিক মালিকানাধীন গাড়ি মেরামত ও বডি শপের মালিক হিসেবে, আমি প্রায়শই ইনস্যুরেন্স জালিয়াতির ঘটনা প্রত্যক্ষ করি এবং এই প্রতারণামূলক ক্লেমের খরচ সকলের উপর প্রভাব ফেলে। সাজানো দুর্ঘটনা দমনের জন্য লড়াইয়ে নামার জন্য এবং ইনস্যুরেন্স প্রদানকারীদের যে কোনও সঞ্চয় করদাতাদের কাছেই আবার ফিরিয়ে দেওয়া

নিশ্চিত করার জন্য আমি গভর্নর Hochul (হোকল) এর প্রশংসা করি। এই প্রস্তাবের অর্থ হল আমাদের আরো বেশি সংখ্যক প্রতিবেশী তাদের গাড়ি নিরাপদ রাখতে, রাস্তায় গাড়ি চালাতে এবং তাদের বিশ্বাসযোগ্য স্থানীয় ব্যবসায় ফিরে আসতে সক্ষম হবেন।"

**গ্রেটার সাফার্ন চেম্বার অফ কমার্সের (Greater Suffern Chamber of Commerce) প্রেসিডেন্ট Shaimi Jacob (শাইমি জ্যাকব) বলেন,** "ক্রমবর্ধমান গাড়ির ইনস্যুরেন্স প্রিমিয়াম নিউ ইয়র্ক জুড়ে কর্মজীবী পরিবার এবং ছোট ব্যবসার উপর সত্যিকারের চাপ সৃষ্টি করছে। প্রতারণামূলক দাবি এবং সাজানো দুর্ঘটনার কারণে সৎ চালকদের বেশি প্রিমিয়াম দিতে হবে না। জালিয়াতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ এবং প্রিমিয়াম বৃদ্ধিকারী ব্যয়ের কারণগুলি মোকাবেলা করার জন্য গভর্নরের প্রচেষ্টাকে আমি সমর্থন করি, যা নিউ ইয়র্কবাসীদের জন্য ইনস্যুরেন্সকে আরও সাশ্রয়ী করে তুলতে সহায়তা করবে।"

**এশিয়ান আমেরিকান লেবার অ্যান্ড কমিউনিটি অর্গানাইজেশন (Asian American Labor and Community Organization, AALCO) এর প্রেসিডেন্ট Radhakrishna Mohan (রাধাকৃষ্ণ মোহন) বলেন,** "অনেক এশিয়ান আমেরিকান পরিবার এবং শ্রমিক ইউনিয়নের সদস্যদের কাছে, ক্রমবর্ধমান গাড়ির ইনস্যুরেন্স প্রিমিয়াম কেবল একটি বিলে থাকা সংখ্যা নয়। ইতিমধ্যেই পরিবারের সীমিত বাজেটের উপর এগুলি আরেকটি চাপ। আমাদের কমিউনিটিগুলি কর্মক্ষেত্রে পৌঁছাতে, ছোট ব্যবসাগুলিকে সহায়তা করতে এবং বহু-প্রজন্মের পরিবারগুলির যত্ন নেওয়ার জন্য নির্ভরযোগ্য পরিবহনের উপর নির্ভর করে। যখন জালিয়াতি খরচ বাড়ায়, তখন শ্রমজীবী মানুষদের সেই মূল্য দিতে হয়। আমরা প্রতারণামূলক ক্লেমের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ এবং পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের জন্য অর্থপূর্ণ স্বস্তি নিয়ে আসাকে সমর্থন করি।"

**কোরিয়ান আমেরিকান ফ্যামিলি সার্ভিস সেন্টারের (Korean American Family Service Center, KAFSC) নির্বাহী পরিচালক Jeehae Fischer (জিহাই ফিশার) বলেন,** "কোরিয়ান আমেরিকান ফ্যামিলি সার্ভিস সেন্টারে (KAFSC) আমরা প্রতিদিন অভিবাসী নিউ ইয়র্কবাসীদের সাথে কাজ করি যারা সবকিছু ঠিকঠাক করছেন—কঠোর পরিশ্রম করছেন, তাদের পরিবারের যত্ন নিচ্ছেন এবং কেবল কর্মক্ষেত্রে, স্কুলে এবং চিকিৎসার অ্যাপয়েন্টমেন্টে যাওয়ার চেষ্টা করছেন। যখন গাড়ির ইনস্যুরেন্স প্রিমিয়াম বৃদ্ধি পায়, তখন এটি প্রথমে আমাদের কমিউনিটির উপর সবচেয়ে বেশি আঘাত হানে। এই কারণেই KAFSC গভর্নর Hochul (হোকল) এর সুষম সংস্কারকে সমর্থন করে যাতে সংগঠিত জালিয়াতি এবং সাজানো দুর্ঘটনার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া যায়, জবাবদিহিতা জোরদার করা যায় এবং দায়িত্বশীল চালকদের অর্থপূর্ণ স্বস্তি দেওয়া যায়—একই সাথে বৈধভাবে আহত ব্যক্তিদের সুরক্ষা দেওয়া যায়। নিউ ইয়র্কবাসীদের এমন একটি সিস্টেম প্রাপ্য যা সততাকে পুরস্কৃত করে, চ্যালেঞ্জের সম্মুখীন হলেও, পরিবারগুলি স্থিতিশীলতা, স্বয়ংসম্পূর্ণতা এবং ভবিষ্যতের লক্ষ্যের দিকে ধারাবাহিকভাবে এগিয়ে যায় এবং আমাদের স্টেটকে সকলের জন্য আরও সাশ্রয়ী করে তোলে।"

**ওয়ান হান্ড্রেড ব্ল্যাক মেন (One Hundred Black Men) এর নির্বাহী পরিচালক Erik Cliette (এরিক ক্লিয়েট) বলেন**, "কয়েকজনের খারাপ ড্রাইভিং অভ্যাসের কারণে সৎ চালকদের শাস্তি দেওয়া উচিত নয়। আমি সম্প্রতি একটি হিট অ্যান্ড রান পরিস্থিতিতে জড়িয়ে পড়েছিলাম, আমি নিশ্চিত যে পরোক্ষভাবে আমার খরচ বাড়িয়ে দেবে, যদিও আসলে আমিই ছিলাম ক্ষতিগ্রস্ত

ব্যক্তি; এটা ঠিক নয়! আমি গভর্নর Hochul (হোকল) এর গাড়ির ইনস্যুরেন্স কমানোর আইনকে সমর্থন করি।"

**ব্রঙ্কস রিভার অ্যালায়েন্সের (Bronx River Alliance) নির্বাহী পরিচালক Siddhartha Sanchez (সিদ্ধার্থ সানচেজ) বলেন,** "ব্রঙ্কস রিভার অ্যালায়েন্স সবচেয়ে কম গাড়ির মালিকানা থাকা ব্রঙ্কসের বাইক চালানো এবং হাঁটার সুবিধায় বিনিয়োগের পক্ষে সক্রিয়ভাবে সমর্থন করা সত্ত্বেও আমরা ব্রঙ্কসের নিম্ন আয়ের বাসিন্দাদের জন্য গাড়ির ইনস্যুরেন্স প্রিমিয়াম হ্রাস করার গভর্নরের প্রস্তাবকেও সমর্থন করি।"

**সাফোক কাউন্টি পুলিশ এশিয়ান জেড সোসাইটির (Suffolk County Police Asian Jade Society) ভাইস প্রেসিডেন্ট Thomas Joy (থমাস জয়) বলেন,** "নিউ ইয়র্কবাসীরা দেশের মধ্যে সর্বোচ্চ কয়েকটি গাড়ির ইনস্যুরেন্স প্রিমিয়াম প্রদান করছে এবং পরিশ্রমী পরিবারগুলি এই চাপ অনুভব করছে। গভর্নর Hochul (হোকল) এর প্রস্তাবগুলি সংগঠিত জালিয়াতির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ, জবাবদিহিতা বৃদ্ধি এবং ব্যবস্থায় অধিকতর স্বচ্ছতা আনার জন্য একটি ভারসাম্যপূর্ণ এবং বাস্তব ও ন্যায্য দৃষ্টিভঙ্গী। এই সংস্কারগুলি দায়িত্বশীল চালকদের সুরক্ষা দিতে সহায়তা করবে এবং নিশ্চিত করবে যে অর্থ সাশ্রয় হচ্ছে তা ভোক্তাদের কাছে পৌঁছে দেওয়া হবে — অন্য কোথাও কাজে লাগানো হবে না। নিউ ইয়র্কবাসীর জন্য গাড়ি ইনস্যুরেন্সকে আরও সাশ্রয়ী এবং ন্যায্য করার প্রচেষ্টাকে আমরা দৃঢ়ভাবে সমর্থন করি।"

**লিংকন সিভিক ব্লক অ্যাসোসিয়েশনের (Lincoln Civic Block Association) প্রেসিডেন্ট Ken Marable (কেন মারাবল) বলেন,** "ইচ্ছাকৃতভাবে ক্ষতিকারক উপায় ব্যবহারকারী ব্যক্তি যা সিস্টেমের অপব্যবহার করে তাদের অবশ্যই জবাবদিহি করতে হবে এবং শিক্ষা দিতে হবে। সেইসাথে, যে সমস্ত নিউ ইয়র্কবাসী প্রতিদিন গাড়ি চালান—তাদের কাজ, পরিবার এবং প্রয়োজনীয় দৈনন্দিন জীবনের জন্য তাদের যানবাহনের উপর নির্ভর করেন—তাদের কখনই মুদিখানার জিনিসপত্র কেনা এবং গাড়ির ইনস্যুরেন্স বা চিকিৎসা বিল পরিশোধ করার মধ্যে একটি বেছে নেওয়ার কঠিন পরিস্থিতিতে পড়তে বাধ্য করা উচিত নয়।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন